



বিএনপিকে টার্গেট করে পরিকল্পিত ষড়যন্ত্র চলছে: রিজভী



রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

বিএনপিকে রাজনৈতিকভাবে কোণঠাসা করতে পুরনো স্বৈরাচারী ধারা পুনরায় সক্রিয় করার চেষ্টা করা হলে তার ফল ভয়াবহ হবে বলে হুঁশিয়ারি দিয়েছেন বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী।

সোমবার (১ জুন) রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে জিয়াউর রহমানের মৃত্যুবার্ষিকী উপলক্ষে আয়োজিত দোয়া ও খাদ্য বিতরণ কর্মসূচিতে তিনি এ কথা বলেন। জাতীয়তাবাদী রিকশা, ভ্যান ও অটোরিকশা চালকরা এ আয়োজন করেন।

রিজভী অভিযোগ করেন, একটি মহল সংগঠিতভাবে মব সংস্কৃতি তৈরি করে দেশের গণতান্ত্রিক পরিবেশকে অস্থিতিশীল করছে। একই সঙ্গে মতপ্রকাশের স্বাধীনতার আড়ালে অপপ্রচার ও বিভ্রান্তি ছড়ানোর প্রবণতারও সমালোচনা করেন তিনি।

অনুষ্ঠানে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের প্রশাসক আবদুস সালাম বলেন, রাজধানীর পরিবহন ব্যবস্থায় শৃঙ্খলা আনতে সরকারের নির্দেশনায় শিগগিরই রিকশা, ভ্যান ও অটোরিকশা চালকদের নিবন্ধন কার্যক্রম শুরু করা হবে।